

সতর্কতা: দাখিল করার জন্য নয়

এখানে ফর্ম 1095-A কেবলমাত্র তথ্য সংক্রান্ত উদ্দেশ্যে প্রদান করা হয়েছে।

মার্কেটপ্লেসের মাধ্যমে প্রতিটি স্বতন্ত্র বাজারের কোনো যোগ্য স্বাস্থ্য বিমায় নাম নথিভুক্ত করার বিষয়ে তথ্য জানাতে স্বাস্থ্য বিমার মার্কেটপ্লেসগুলি ফর্ম 1095-A ব্যবহার করে। মার্কেটপ্লেসগুলির দ্বারা ফর্মটি পূরণ করা হয় বলে, কোনো নির্দিষ্ট ব্যক্তি সেটি সম্পূর্ণ করতে পারেন না এবং IRS.gov-এতে উপলব্ধ ফর্ম 1095-A ব্যবহার করতে হয়। যে ব্যক্তির স্বাস্থ্য বিমার মার্কেটপ্লেস থেকে একটি সম্পূর্ণ করা ফর্ম 1095-A পাচ্ছেন, তারা যথাযথ কর রিটার্ন দাখিল করার জন্য ফর্মের উপর পাওয়া তথ্য এবং নির্দেশিকাতে থাকা নির্দেশনা ব্যবহার করবেন।

পর্ব I প্রাপকের তথ্য

1 মার্কেটপ্লেস সনাক্তকারী	2 মার্কেটপ্লেস-নির্ধারিত পলিসি নম্বর	3 পলিসি ইস্যুকারীর নাম
4 প্রাপকের নাম	5 প্রাপকের SSN	6 প্রাপকের জন্ম তারিখ
7 প্রাপকের স্বামী/স্ত্রী এর নাম	8 প্রাপকের স্বামী/স্ত্রী এর SSN	9 প্রাপকের স্বামী/স্ত্রী এর জন্ম তারিখ
10 পলিসি শুরুর তারিখ	11 পলিসি পরিসমাপ্তির তারিখ	12 রাস্তার ঠিকানা (অ্যাপার্টমেন্টের নম্বর সহ)
13 শহর বা টাউন	14 স্টেট বা প্রদেশ	15 দেশ এবং ZIP অথবা বৈদেশিক পোস্টাল কোড

পর্ব II আওতাভুক্ত ব্যক্তিগণ

A. আওতাভুক্ত ব্যক্তির নাম	B. আওতাভুক্ত ব্যক্তির SSN	C. আওতাভুক্ত ব্যক্তির জন্ম তারিখ	D. কভারেজ শুরুর তারিখ	E. কভারেজ পরিসমাপ্তির তারিখ
16				
17				
18				
19				
20				

পর্ব III কভারেজ সম্বন্ধীয় তথ্য

মাস	A. মাসিক নথিভুক্তকরণের প্রিমিয়াম	B. মাসিক দ্বিতীয় ন্যূনতম খরচে সিলভার প্ল্যান (SLCSP) এর প্রিমিয়াম	C. প্রিমিয়াম কর ছাড়ের মাসিক অগ্রিম পেমেন্ট
21 জানুয়ারী			
22 ফেব্রুয়ারি			
23 মার্চ			
24 এপ্রিল			
25 মে			
26 জুন			
27 জুলাই			
28 আগস্ট			
29 সেপ্টেম্বর			
30 অক্টোবর			
31 নভেম্বর			
32 ডিসেম্বর			
33 বার্ষিক সর্বমোট			

প্রাপকের নির্দেশিকা

আপনি এই 1095-A ফর্মটি পাচ্ছেন কারণ আপনি অথবা আপনার পরিবারের কোনো সদস্য স্বাস্থ্য বিমা মার্কেটপ্লেসের মাধ্যমে স্বাস্থ্য বিমা কভারেজে নাম নথিভুক্ত করেছেন। এই 1095-A ফর্মটি আপনাকে প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট (PTC) এর ফর্ম 8962 সম্পূর্ণ করার জন্য আপনার প্রয়োজনীয় তথ্য প্রদান করে। **আপনাকে অবশ্যই ফর্ম 8962 পূরণ করতে হবে এবং সেটিকে আপনার কর বিটার্নে (ফর্ম 1040 অথবা ফর্ম 1040-NR) দাখিল করতে হবে যদি এই 1095-A ফর্মের পর্ব III, কলাম C-তে অর্থের পরিমাণ শূণ্যের বদলে অন্য কিছু প্রদর্শিত হয় (অর্থাৎ আপনি অগ্রিম ছাড় বা ক্রেডিট পেমেণ্টের মাধ্যমে প্রিমিয়াম সহায়তা পেয়েছেন) অথবা যদি আপনি প্রিমিয়াম কর ছাড় নিতে চান।** আপনার করের রিটার্ন দাখিল করার প্রয়োজন হোক বা না হোক এই ফাইলিংয়ের আবশ্যিক শর্ত প্রযোজ্য হয়। আপনি যদি ফর্ম 8962 দাখিল করেন, তাহলে আপনি ফর্ম 1040-NR-EZ, ফর্ম 1040-SS অথবা ফর্ম 1040-PPR দাখিল করতে পারবেন না। এছাড়াও মার্কেটপ্লেস ফর্ম বিষয়ক তথ্য IRS এর কাছে জানায়। যদি আপনি অথবা আপনার পরিবারের কোনো সদস্য মার্কেটপ্লেসে একাধিক যোগ্য হেল্থ প্ল্যান পলিসিতে নাম নথিভুক্ত করেন, তাহলে আপনি প্রত্যেকটি পলিসির জন্য একটি করে ফর্ম 1095-A পাবেন। মনোযোগ সহকারে এই ফর্মটিতে দেওয়া তথ্য দেখুন। এটির যথার্থতা নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার মার্কেটপ্লেসে যোগাযোগ করুন। আপনি অথবা আপনার পরিবারের কোনো সদস্য মার্কেটপ্লেসের কোনো সর্বনাশা হেল্থ প্লানে অথবা আলাদা ডেন্টাল পলিসিতে নাম নথিভুক্ত করে থাকলে, আপনার রিটার্ন ফাইল করার সময়, আপনি এই কভারেজের জন্য কোনো কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পাওয়ার অধিকারী হবেন না, এমনকি আপনি এই কভারেজের জন্য একটি ফর্ম 1095-A পিছে থাকলেও পাবেন না। ফর্ম 1095-A এর সঙ্গে সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য, www.irs.gov/Affordable-Care-Act/Individuals-and-Families/Health-Insurance-Marketplace-Statements।

অতিরিক্ত তথ্য। একক ব্যক্তির ভাগ করা দায়িত্ব, প্রিমিয়াম কর ছাড় এবং নিয়োগকর্তার ভাগের দায়বদ্ধতার ব্যবস্থাপনা সমেত সামগ্রী মূল্যের পরিচর্যা আইন (Affordable Care Act, ACA) এর করের ব্যবস্থাপনা সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য, www.irs.gov/Affordable-Care-Act/Individuals-and-Families দেখুন অথবা ACA প্রস্নের জন্য IRS হেল্থকোয়ারের হটলাইনে (1-800-919-0452) ফোন করুন।

অকার্যকর বক্স। যদি ফর্মের একদম উপরে "অকার্যকর" বক্সটিতে টিক চিহ্ন দেওয়া হয়, তাহলে আপনি অতীতে পর্ব I-এ বর্ণিত পলিসিটির জন্য একটি ফর্ম 1095-A পেয়েছিলেন। সেই 1095-A ফর্মটি তুলবশত পাঠানো হয়েছিল। এই পলিসিটির জন্য আপনার কোনো 1095-A ফর্ম পাওয়ার কথা ছিল না। ফর্ম 8962 এর উপর আপনার প্রিমিয়াম কর ছাড় সম্বন্ধে ধারণা করার জন্য এটিতে থাকা অথবা অতীতে পাওয়া ফর্ম 1095-A এর কোনো তথ্য ব্যবহার করবেন না।

সংশোধিত বক্স। যদি ফর্মটির একদম উপরে "সংশোধিত" বক্সে টিক চিহ্ন দেওয়া হয়, তাহলে প্রিমিয়াম কর ছাড় সম্বন্ধে ধারণা করার জন্য এবং ফর্ম 8962 এর উপর কোনো অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট মেটাতে এই 1095-A ফর্ম থাকা তথ্য ব্যবহার করুন। এই পলিসির জন্য আপনার গ্রহণ করা আসল ফর্ম 1095-A এর মধ্যে থাকা তথ্য ব্যবহার করবেন না।

পর্ব II. প্রাপকের তথ্য, 1-15 লাইন। পর্ব I. আপনার সম্বন্ধে, আপনাকে যে সংস্থা পলিসি ইস্যু করেছে সেই বিমা কোম্পানি সম্বন্ধে এবং যেখানে আপনি কভারেজের জন্য নাম নথিভুক্ত করেছেন সেই মার্কেটপ্লেস সম্বন্ধে তথ্য জানায়।

লাইন 11 এই লাইনটি সেই স্টেটকে নির্দিষ্ট করে যেখানে আপনি মার্কেটপ্লেসের মাধ্যমে কভারেজে নাম নথিভুক্ত করেছেন।

লাইন 21 এই লাইনটি হল আপনার নিবন্ধিত পলিসিটি সনাক্ত করার জন্য মার্কেটপ্লেসের দ্বারা নির্ধারিত পলিসি নম্বর। যদি আপনি ফর্ম 8962 এর পর্ব IV সম্পূর্ণ করেন, তাহলে লাইন 30, 31, 32 অথবা 33, বক্স a. এতে এই নম্বরটি লিখুন।

লাইন 31 এটি হল সেই বিমা কোম্পানির নাম যে আপনার পলিসিটি ইস্যু করেছে।

লাইন 41 আপনি হলেন প্রাপক কারণ আপনি হলেন সেই ব্যক্তি যাকে মার্কেটপ্লেস নিবন্ধনের ক্ষেত্রে সনাক্ত করেছিল, যিনি করের রিটার্ন দাখিল করবেন বলে প্রত্যাশিত এবং যিনি যোগ্য হলে কভারেজের বছরের জন্য প্রিমিয়াম কর ছাড় গ্রহণ করবেন।

লাইন 51 এটি আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর আপনার সুরক্ষার জন্য, এই ফর্মটিতে শেষ চারটি অঙ্কের দেখা যাবে। তবে, মার্কেটপ্লেস IRS এর কাছে আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বরটি জানিয়েছে।

লাইন 61 লাইন 5 এ কোনো সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকলে একটি জন্ম তারিখ লেখা হবে।

লাইন 7, 8 এবং 91 আপনার স্বামী/স্ত্রী সম্বন্ধে তথ্য লেখা হবে কেবলমাত্র যদি আপনার কভারেজের জন্য অগ্রিম কর ছাড়ের পেমেণ্ট হয়ে থাকে। লাইন 8 খালি থাকলে লাইন 9 এতে জন্ম তারিখ লেখা হবে।

লাইন 10 এবং 111 পলিসিটির একটি শুরু করার তারিখ এবং শেষ হওয়ার তারিখ আছে।

লাইন 12 থেকে 15 পর্যন্ত। এই লাইনগুলিতে আপনার ঠিকানা লেখা থাকে।

পর্ব III. আওতাভুক্ত ব্যক্তিগণ, 16-20 লাইন। পর্ব II. সেই সমস্ত ব্যক্তির সম্বন্ধে তথ্য জানায় যারা আপনার পলিসির অধীনে আওতাভুক্ত। এই তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নাম, সোশ্যাল সিকিউরিটি নম্বর, জন্ম তারিখ এবং আওতাভুক্ত প্রত্যেক ব্যক্তির জন্য কভারেজ শুরু এবং শেষ হওয়ার তারিখ। প্রত্যেক লাইনের জন্য, কলাম B-তে কোনো SSN লেখা না হলে কলাম C-তে জন্ম তারিখ সূচিত করা হয়।

যদি অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট করা হয়ে থাকে, তাহলে ফর্ম 1095-A-তে কেবলমাত্র সেই ব্যক্তিদের তালিকাভুক্ত করা হবে যাদের আপনি কভারেজের বছরের জন্য আপনার করের আওতাভুক্ত পরিবারের (নিজে, স্বামী/স্ত্রী এবং নির্ভরশীল ব্যক্তি) মধ্যে রাখবেন বলে মার্কেটপ্লেসে প্রত্যাশিত করবেন। যদি আপনি নথিভুক্তকরণের সময় মার্কেটপ্লেসকে প্রত্যাশিত করেন যে প্লানে নাম নথিভুক্ত করা এক বা একাধিক ব্যক্তি সেই ব্যক্তিগণের মধ্যে পড়েন না যারা কভারেজের বছরের জন্য আপনার করের আওতাভুক্ত পরিবারের মধ্যে থাকবেন, সে ক্ষেত্রে সেই ব্যক্তিদের আপনার ফর্ম 1095-A তে তালিকাভুক্ত করা হবে না। উদাহরণস্বরূপ, যদি আপনি নথিভুক্তকরণের সময় মার্কেটপ্লেসে নির্দিষ্ট করে বলেন যে পলিসিতে নাম নথিভুক্ত করা একজন ব্যক্তি হলেন আপনার প্রাপ্তবয়স্ক সন্তান যিনি কভারেজের বছরের জন্য আপনার উপর নির্ভরশীল হবেন না, সে ক্ষেত্রে সেই সন্তান একটি আলাদা ফর্ম 1095-A পাবেন এবং আপনার ফর্ম 1095-A এর পর্ব II-তে তালিকাভুক্ত হবেন না।

যদি অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট হয়ে গিয়ে থাকে এবং আপনি প্রত্যয়ন করেন যে নথিভুক্ত এক বা একাধিক ব্যক্তি সেই ব্যক্তিগণের নন যারা কভারেজের বছরে আপনার করের আওতাভুক্ত পরিবারের মধ্যে থাকবেন, সে ক্ষেত্রে আপনার ফর্ম 1095-A পর্ব III-এ সেই কভারেজ সম্বন্ধীয় তথ্য অন্তর্ভুক্ত করবে যা স্বতন্ত্রভাবে আপনার ফর্ম 1095-A-তে তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য প্রযোজ্য, এবং আলাদাভাবে ইস্যু করা ফর্ম 1095-A এ উল্লিখিত পরিমাণ সমেত কভারেজ সম্বন্ধীয় তথ্য অন্তর্ভুক্ত করা হবে, যেটি আপনার করের আওতাভুক্ত পরিবারের মধ্যে নেই এমন ব্যক্তিদের জন্য প্রযোজ্য।

যদি অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্টগুলি দেওয়া না হয়ে থাকে এবং কভারেজের বছরে কোন ব্যক্তির আপনার করের আওতাভুক্ত পরিবারের মধ্যে থাকবেন সেটি নিবন্ধনের সময় আপনি নির্দিষ্ট না করে থাকেন, সে ক্ষেত্রে 1095-A ফর্মটি আপনার 1095-A ফর্মে সমস্ত নিবন্ধিত ব্যক্তিকে পর্ব II-এ তালিকাভুক্ত করবে।

এছাড়াও IRS-কে পর্ব II. সেই মাসগুলির সম্বন্ধে বলে যেগুলিতে চিহ্নিত হওয়া ব্যক্তির স্বাস্থ্য বিমার দ্বারা আওতাভুক্ত হয় এবং এইভাবে সেই ব্যক্তিকে সন্তুষ্ট করে যিনি দায়বদ্ধতার ব্যবস্থা ভাগ করেন।

একটি পলিসির দ্বারা 5 জনের বেশি ব্যক্তিকে আওতাভুক্ত করা হলে, আপনাকে এক বা একাধিক অতিরিক্ত 1095-A ফর্ম দেওয়া হবে যেটি পর্ব II. অতিরিক্ত রাখে।

পর্ব III. কভারেজ সম্বন্ধীয় তথ্য, 21-33 লাইন। পর্ব III. আপনার সেই বিমার কভারেজ সম্বন্ধে তথ্য জানায় যেটি আপনার রিটার্ন দাখিল করার সময় অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট মেটাতে অথবা প্রিমিয়াম কর ছাড় নিতে আপনাকে ফর্ম 8962 সম্পূর্ণ করার জন্য প্রয়োজন।

কলাম A। এই কলামটিতে সেই প্লানের জন্য আপনার প্রদান করা প্রিমিয়াম এবং কর ছাড় বা ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে প্রদত্ত প্রিমিয়ামগুলি সমেত মাসিক প্রিমিয়ামগুলি থাকে যেটিতে আপনি অথবা আপনার পরিবারের সদস্যরা নাম নথিভুক্ত করিয়েছিলেন। আপনি অথবা পরিবারের কোনো সদস্য পেডিয়াট্রিকের সুবিধাটি সমেত কোনো আলাদা ডেন্টাল প্লানে নাম নথিভুক্ত করিয়ে থাকলে, এই কলামটিতে পেডিয়াট্রিকের সুবিধাদির জন্য ডেন্টাল প্লানের প্রিমিয়ামগুলির অংশও অন্তর্ভুক্ত থাকে। যদি আপনার প্লানটি এমন সুবিধাগুলিকে আওতাভুক্ত করে যেগুলি প্রাপ্তবয়স্কের দাঁত সংক্রান্ত অথবা দৃষ্টি সংক্রান্ত সুবিধাদির মতো প্রয়োজনীয় স্বাস্থ্যের সুবিধাটি নয়, সে ক্ষেত্রে অনাবশ্যিক সুবিধাদির জন্য এই কলামে থাকা অর্থের পরিমাণ প্রিমিয়ামের মাধ্যমে হ্রাস পাবে। আপনার বিমা কোম্পানি এক বা তার বেশি মাস প্রিমিয়াম না দেওয়ার কারণবশত পলিসি পরিসমাপ্ত করলে, সে ক্ষেত্রে এই মাসগুলির জন্য অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট হয়ে থাক বা না থাক সেই সিদ্ধান্ত নির্বিশেষে এই মাসগুলির জন্য এই কলামে একটি -0- প্রতীয়মান হবে।

কলাম B। এই কলামটি দ্বিতীয় ন্যূনতম খরচের সিলভার প্লান (SLCSP) এর জন্য মাসিক প্রিমিয়ামের উদ্দেশ্যে ব্যবহৃত যেটি কভারেজে নাম নথিভুক্ত করা আপনার পরিবারের সদস্যদের উপর প্রযোজ্য হবে বলে মার্কেটপ্লেস নির্ধারণ করেছে। আপনার রিটার্নে আপনার নেওয়া মাসিক অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট এবং প্রিমিয়াম কর ছাড় গণনা করার জন্য প্রযোজ্য SLCSP এর প্রিমিয়াম ব্যবহৃত হয়। ফর্ম 8962, পর্ব II. এ কিভাবে এই কলামে তথ্য ব্যবহার করতে হবে অথবা কোনো তথ্য দেওয়া না থাকলে কিভাবে ফর্ম 8962 সম্পূর্ণ করতে হবে তা জানার জন্য নির্দেশিকা দেখুন। আপনার বিমা কোম্পানি এক বা তার বেশি মাস প্রিমিয়াম না দেওয়ার কারণবশত পলিসি পরিসমাপ্ত করলে, সে ক্ষেত্রে মাসগুলির জন্য অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট হয়ে থাক বা না থাক সেই সিদ্ধান্ত নির্বিশেষে এই মাসগুলির জন্য এই কলামে একটি -0- প্রতীয়মান হবে।

কলাম C। এই কলামটি অগ্রিম ছাড়ের পেমেণ্টের মাসিক অর্থের পরিমাণ দেখাতে ব্যবহৃত হয় যেটি আপনার বিমা কোম্পানিতে আপনার তরফ থেকে আপনার কভারেজের জন্য প্রিমিয়ামগুলির সামগ্রিক বা আংশিক অংশের অর্থ প্রদান করার জন্য তৈরি হয়েছিল। যদি পর্ব III-এ এটি একমাত্র কলাম হয় যেটি কোনো মাসে শূণ্য ব্যতীত অন্য সংখ্যা দ্বারা পূর্ণ, সে ক্ষেত্রে অর্থ হল প্রিমিয়ামের পেমেণ্ট না দেওয়ার কারণে আপনার পলিসিটি আপনার বিমা কোম্পানি পরিসমাপ্ত করেছে, এবং আপনার করের রিটার্ন দাখিল করার সময় সেই মাসের জন্য আপনার প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পাওয়ার অধিকারী হবেন না। যদিও আপনাকে তখনও অবশ্যই সম্পূর্ণ অগ্রিম পেমেণ্ট মেটাতে হবে যেটা ফর্ম 8962 ব্যবহার করে আপনার হয়ে সেই মাসের জন্য প্রদান করা হয়েছিল। কোনো অগ্রিম ছাড় বা ক্রেডিটের পেমেণ্ট করা না হয়ে থাকলে এই কলামে কোনো তথ্য লেখা হবে না।

লাইন 21-33। মার্কেটপ্লেস লাইন 21-32 এর কলাম A, B এবং C-তে প্রত্যেক মাসের এবং লাইন 33-এ সর্বমোট অর্থের পরিমাণ সম্বন্ধে জানাবে। ফর্ম 8962, লাইন 11 বা লাইন 12-23 সম্পূর্ণ করার জন্য এই তথ্যটি ব্যবহার করুন।